গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ, সলিসিটর অনুবিভাগ, প্রশাসন শাখা-১
বাংলাদেশ সুপ্রীমকোর্ট প্রাঙ্গণ, ঢাকা।
www.lawjusticediv.gov.bd

২১ মাঘ, ১৪২৬ বঙ্গাব্দ
নং ১০.০০.০০০০.১৩৩.১৬.০২৪.১৫-১০ তারিখ-------------------------
০৪ ফেব্রুয়ারি, ২০২০ খ্রিঃ

বিষয়ঃ উচ্চ আদালতে চলমান সরকারি স্বার্থ সংশ্লিষ্ট মামলা পরিবীক্ষণের লক্ষ্যে তথ্য প্রেরণ প্রসঙ্গে।

সূত্রঃ মন্ত্রিপরিষদ বিভাগ, আইন-১ অধিশাখা এর স্মারক নং-০৪.০০.০০০০.১১১.০৪.১৪৭.১৯-০৪, তারিখঃ ১২/০১/২০২০ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের সূত্রোক্ত পত্রের ফটোকপি এতদসংগে প্রেরণ করা হলো। উক্ত পত্রে আইন ও বিচার বিভাগ এবং অধীনস্থ/সংশ্লিষ্ট/সংযুক্ত দপ্তর ও সংস্থাসমূহের সরকারি স্বার্থ-সংশ্লিষ্ট মহামান্য সুপ্রীমকোর্টের আপিল বিভাগ ও হাইকোর্ট বিভাগে চলমান মামলাসমূহের তথ্য বর্ণিত ছক মোতাবেক উহার হার্ডকপি ও সফটকপি প্রেরণের জন্য অনুরোধ করা হয়েছে।

এমতাবস্থায়, আপনার শাখার আওতাধীন বাংলাদেশ সুপ্রীমকোর্টের আপিল বিভাগ ও হাইকোর্ট বিভাগে চলমান গুরুত্বপূর্ণ মামলা/মামলাসমূহের তথ্য মন্ত্রিপরিষদ বিভাগের সূত্রোক্ত পত্রে বর্ণিত 'ছক' মোতাবেক জরুরী ভিত্তিতে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।
সংযুক্তিঃ ১(এক) ফর্দ।

08/02/2020

(মোঃ মিজানুর রহমান)
সহকারী সচিব(প্রশাসন-১)
ফোন: ৫৫১১০৩৯৪(অফিস)।

কার্যার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ
১। সিনিয়র সহকারী সচিব, বিচার শাখা-১/২/৩/৪/৫/৬/৭/৮/বাজেট/উন্নয়ন, আইন ও বিচার বিভাগ।
২। সিনিয়র সহকারী সচিব, দেওয়ানি-১/২, রীট-১/২//এটি ও এএটি/প্রশাসন-২, সলিসিটর উইং, আইন ও বিচার বিভাগ।
৩। সহকারী সচিব, ফৌজদারী/জিপিও পিপি/প্রশাসন-১, সলিসিটর উইং, আইন ও বিচার বিভাগ।

সদয় জ্ঞাতার্থেঃ
১। উপ-সলিসিটর(প্রশাসন), সলিসিটর উইং, আইন ও বিচার বিভাগ।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৩। সলিসিটর মহোদয়ের ব্যাক্তিগত কর্মকর্তা, সলিসিটর উইং, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৪। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫। অফিস কপি।

উপ-সলিসিটর (প্র:)

আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
সলিসিটর এর দপ্তর, ঢাকা।
ডাইরী নং ৫৭ তারিখ ২৭/০১/২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
আইন-১ অধিশাখা
www.cabinet.gov.bd

নম্বর: ০৪.০০.০০০০.১১১.০৪.১৪৭.১৯.০৪

২৮ পৌষ ১৪২৬
তারিখ:--------------------
১২ জানুয়ারি ২০২০

বিষয়: **উচ্চ আদালতে চলমান সরকারি স্বার্থ-সংশ্লিষ্ট মামলা পরিবীক্ষণের লক্ষ্যে তথ্য প্রেরণ।**

মন্ত্রিপরিষদ বিভাগের প্রজ্ঞাপন নম্বর ০৪.০০.০০০০.৬১১.০৬.০০৭.১৯.৩৫১ মূলে উচ্চ আদালতে চলমান সরকারি স্বার্থ-সংশ্লিষ্ট মামলার কার্যক্রম পরিবীক্ষণ সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় কমিটি গঠন করা হয়; যা বাংলাদেশ গেজেটের ১১ ডিসেম্বর ২০১৯ তারিখের সংখ্যায় প্রকাশিত হয়েছে **(কপি সংযুক্ত)**। বর্ণিত কমিটির সভা অনুষ্ঠান ও কার্যপরিধি অনুসারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তাঁর মন্ত্রণালয়/বিভাগ এবং অধীনস্ত/সংশ্লিষ্ট/সংযুক্ত দপ্তর ও সংস্থাসমূহের সরকারি স্বার্থ-সংশ্লিষ্ট মহামান্য সুপ্রীম কোর্টের আপিল বিভাগ ও হাইকোর্ট বিভাগে চলমান মামলাসমূহের তথ্য নিম্নবর্ণিত ছক মোতাবেক আগামী ৩০/০১/২০২০ তারিখের মধ্যে এ বিভাগের আইন অধিশাখায় এবং সফটকপি নিকষ ফন্টে ই-মেইলে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

ছক

মন্ত্রণালয়/বিভাগের নাম:- --

ক) উচ্চ আদালতে চলমান সরকারি স্বার্থ-সংশ্লিষ্ট মামলার পরিসংখ্যান (১/১/১৯ থেকে ৩১/১২/১৯ পর্যন্ত)

চলমান/অনিষ্পন্ন মামলার সংখ্যা	নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা	সরকার-পক্ষে নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা	সরকার-বিপক্ষে নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা	সরকার-বিপক্ষে নিষ্পত্তিকৃত মামলায় সরকার পক্ষে দায়েরকৃত আপিল/রিভিউ/রিভিশন সংখ্যা	মন্তব্য

খ) উচ্চ আদালতে চলমান সরকারি স্বার্থ-সংশ্লিষ্ট অতীব/জনগুরুত্বপূর্ণ মামলার তথ্য:

ক্রমিক	মামলা নম্বর	সংশ্লিষ্ট আদালত এবং সরকারি আইন কর্মকর্তার নাম	পিটিশনার/ সরকারের প্রতিপক্ষের নাম-ঠিকানা	বিষয় (সংক্ষেপে)	সর্বশেষ অবস্থা	সরকার-পক্ষে গৃহীত সর্বশেষ পদক্ষেপ	মন্তব্য

সংযুক্তি: ০১ (এক) ফর্দ।

আইন ও বিচার বিভাগ
সচিবের দপ্তর
ডায়েরি নং ৯২৩ তারিখ ১৬/০১/২০

(তানভীর আহমেদ)
উপসচিব
ফোন: ৯৫৭৪৫৩৯
মোবাইল: ০১৭৭৪-৯৭৯৮৭৬
ই-মেইল: law_sec1@cabinet.gov.bd

১। সিনিয়র সচিব/সচিব (সকল)
---আইন ও বিচার---------------------মন্ত্রণালয়/বিভাগ।
২। বিভাগীয় কমিশনার (সকল)--------------------; তার কার্যালয় এবং বিভাগের সকল জেলা প্রশাসকের নিকট থেকে উল্লিখিত ছকে তথ্য সংগ্রহ করে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
৩। মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, ডিসেম্বর ১১, ২০১৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
কমিটি বিষয়ক অধিশাখা
www.cabinet.gov.bd

প্রজ্ঞাপন

ঢাকা, ২৫ অগ্রহায়ণ ১৪২৬ বঙ্গাব্দ/ ১০ ডিসেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ

নম্বর-০৪.০০.০০০০.৬১১.০৬.০০৭.১৯.৩৫১—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার 'উচ্চ আদালতে চলমান বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের সরকারি স্বার্থ-সংশ্লিষ্ট মামলা পরিচালনা কার্যক্রম পরিবীক্ষণের নিমিত্ত আন্তঃমন্ত্রণালয় কমিটি' নিম্নরূপে গঠন করেছে :

(ক) **কমিটির গঠন:**

(১)	মন্ত্রিপরিষদ সচিব	:	সভাপতি
(২)	বাংলাদেশের অ্যাটর্নি-জেনারেল	:	সদস্য
(৩)	সচিব, জননিরাপত্তা বিভাগ	:	সদস্য
(৪)	সচিব, স্থানীয় সরকার বিভাগ	:	সদস্য
(৫)	সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়	:	সদস্য
(৬)	সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়	:	সদস্য
(৭)	সচিব, অর্থ বিভাগ	:	সদস্য
(৮)	সচিব, ভূমি মন্ত্রণালয়	:	সদস্য
(৯)	সচিব, আইন ও বিচার বিভাগ	:	সদস্য
(১০)	সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের সচিব	:	সদস্য
(১১)	সলিসিটর, সলিসিটর উইং, আইন ও বিচার বিভাগ	:	সদস্য
(১২)	অতিরিক্ত সচিব (আইন), মন্ত্রিপরিষদ বিভাগ	:	সদস্য-সচিব

এ কমিটিতে 'সচিব' বলতে সিনিয়র সচিবও অন্তর্ভুক্ত হবেন।

(খ) **কমিটির কার্যপরিধি :**

১. সরকারি স্বার্থ-সংশ্লিষ্ট গুরুত্বপূর্ণ মামলা চিহ্নিতকরণ ও মামলাসমূহের দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে কর্মপরিকল্পনা নির্ধারণ;

২. মামলা নিষ্পত্তির লক্ষ্যে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ, অ্যাটর্নি জেনারেলের অফিস ও সলিসিটর উইং এবং আইন ও বিচার বিভাগের মধ্যে সমন্বয় সাধন;

৩. জনগুরুত্বপূর্ণ মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির ক্ষেত্রে বাঁধাসমূহ চিহ্নিতকরণ ও দূরীকরণে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ; এবং

৪. সরকার অথবা কমিটি কর্তৃক সময়ে সময়ে নির্ধারিত অন্যান্য দায়িত্ব।

(গ) কমিটির সভা প্রতি ০৩ (তিন) মাসে একবার অনুষ্ঠিত হবে।

(ঘ) কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে।

(ঙ) মন্ত্রিপরিষদ বিভাগ কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

২। এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

বেবী পারভীন
উপসচিব
ফোন: ৯৫১১০৮১
email: ca_sec@cabinet.gov.bd

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd